সঘন গহন রাত্রি,     ঝরিছে শ্রাবণধারা—
অন্ধ বিভাবরী সঙ্গপরশহারা ॥
চেয়ে থাকি যে শূন্যে   অন্যমনে
সেথায় বিরহিণীর অশ্রু   হরণ করেছে ওই তারা ॥
অশত্থপল্লবে বৃষ্টি ঝরিয়া   মর্মরশব্দে
নিশীথের অনিদ্রা দেয় যে ভরিয়া ।
মায়ালোক হতে ছায়াতরণী
ভাসায় স্বপ্নপারাবারে—
নাহি তার কিনারা ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Mishra-Bageshree-Malhar

Visit www.geetabitan.com for notation and other detail